
মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে

# সূবর্ণ জয়ন্তী মেলা

**১৭ মার্চ থেকে ২৩ মার্চ, ২০২২**



## সমাজসেবা অধিদফতর ঠাকুরগাঁও

www.dss.gov.bd

সমাজসেবা অধিদফতর DEPARTMENT OF SOCIAL SERVICES

## বিপন্ন মানুষের ঠিকানা সমাজসেবা অধিদফতর

### একটি তথ্য কণিকা

সমাজসেবা অধিদফতর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি অন্যতম জাতিগঠনমূলক দপ্তর। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সামাজসেবা অধিদফতর একই সাথে দেশব্যাপী গ্রামীণ এবং শহর উভয় এলাকায় সমাজের পিছিয়ে পড়া অনগ্রসর জনগোষ্ঠী, বেকার, ভূমিহীন, ভিক্ষুক, হিজড়া, চা-শ্রমিক, অনাথ দুঃস্থ, ভবঘুরে, নিরাশ্রয়, প্রতিবন্ধি ব্যক্তি, দারিদ্র অসহায় রোগী, ঝুঁকিতে থাকা শিশুদের সুরক্ষা, কল্যাণ ও উন্নয়নে বহুমাত্রিক এবং নিবিড় কার্যক্রম বাস্তবায়ন করছে। ১০৩২ টি কার্যালয়ের মাধ্যমে ৫৪ টি কর্মসূচির সমন্বয়ে সামাজিক নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নে সমাজসেবা অধিদফতরের রয়েছে গৌরবময় অধ্যায় ও বর্ণিল ইতিহাস। সমাজসেবা অধিদফতর কর্তৃক বাস্তবায়নাধীন ঠাকুরগাঁও জেলায় বিভিন্ন কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরা হলো।

### সমাজসেবা অধিদফতর, ঠাকুরগাঁও এর আওতাধীন কার্যালয় ও প্রতিষ্ঠানসমূহ:

| | | |
|---|---|---|
| জেলা সমাজসেবা কার্যালয় | - | ১টি |
| উপজেলা সমাজসেবা কার্যালয় | - | ৫টি |
| শহর সমাজসেবা কার্যালয় | - | ১টি |
| প্রবেশন কার্যালয় | - | ১টি |
| হাসপাতাল সমাজসেবা কার্যালয় | - | ১টি |
| সরকারি শিশু পরিবার (বালিকা) | - | ১টি |
| শবদলহাট ফজিলাতুননেছা | | |
| সরকারি শিশু পরিবার (বালক) | - | ১টি |
| সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম | - | ১টি |

### সামাজিক নিরাপত্তা কর্মসূচি:

দরিদ্র, সুবিধাবঞ্চিত ও প্রান্তিক জনগোষ্ঠীকে বিভিন্ন ভাতা প্রদান

**বয়স্ক ভাতা ঃ** ২০২১-২২ অর্থবছরে ৬৪ হাজার ৭ শত ৩০ জন ভাতাভোগীকে মাথাপিছু ৫০০ টাকা হারে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে বয়স্ক ভাতা প্রদান করা হচ্ছে।

**বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ঃ** ২০২১-২২ অর্থবছরে ৪২ হাজার ৫ শত ১০ জন ভাতাভোগীকে মাথাপিছু ৫০০ টাকা হারে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা প্রদান করা হচ্ছে।

**প্রতিবন্ধী ভাতা ঃ** ২০২১-২২ অর্থবছরে ২৩ হাজার ৫ শত ১৪ জন ভাতাভোগীকে মাথাপিছু ৭৫০ টাকা হারে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে প্রতিবন্ধী ভাতা প্রদান করা হচ্ছে।

**প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ঃ** ২০২১-২২ অর্থবছরে ১ হাজার ১ শত ৩৪ জন প্রতিবন্ধী শিক্ষার্থীদের ৪ টি ভিন্ন ভিন্ন স্তরে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রদান করা হচ্ছে।

**অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ঃ** ২০২১-২২ অর্থবছরে ২ শত ৬২ জন অনগ্রসর জনগোষ্ঠীর ভাতাভোগীকে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে বিশেষ ভাতা প্রদান করা হচ্ছে।

**অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ঃ** ২০২১-২২ অর্থবছরে ২ শত ৫৪ জন অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের ৪ টি ভিন্ন ভিন্ন স্তরে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে শিক্ষা উপবৃত্তি প্রদান করা হচ্ছে।

**হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা ঃ** ২০২১-২২ অর্থবছরে ৩৪ জন হিজড়া ভাতাভোগীকে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে বিশেষ ভাতা প্রদান করা হচ্ছে।

**হিজড়া জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি ঃ** ২০২১-২২ অর্থবছরে ১৪ জন হিজড়া জনগোষ্ঠীর শিক্ষার্থীদের ৪ টি ভিন্ন ভিন্ন স্তরে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিকাশের মাধ্যমে শিক্ষা উপবৃত্তি প্রদান করা হচ্ছে।

Scanned with CamScanner

ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীর আর্থিক সহায়তা কর্মসূচি ঃ ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত ৬২০ জন রোগীকে ৩ কোটি ১০ লক্ষ টাকা প্রদান করা হয়। জন প্রতি এককালীন আর্থিক সহায়তার পরিমাণ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা।

চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচি ঃ ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত ঠাকুরগাঁও জেলায় ১৩৪৮ জন চা-শ্রমিককে জনপ্রতি ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ঠাকুরগাঁও সদর ও বালিয়াডাঙ্গী উপজেলা এ কার্যক্রমের আওতাভুক্ত।

ক্ষুদ্র জাতিসত্ত্বা নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ভুক্ত জনগোষ্ঠির অনুদানঃ ২০২০-২০২১ অর্থ বছরে জনপ্রতি এককালীন ৪০০০/- টাকা হারে ৬০ জনের মধ্যে ২ লক্ষ ৪০ হাজার টাকা প্রদান করা হয়।

হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে প্রশিক্ষণ ঃ ২০১৯-২০২০ অর্থ বছরে ৫০ জন হিজড়া জনগোষ্ঠীকে ৫০ দিনব্যাপী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষণ ভাতা ও পুনর্বাসনসহ ১৯ লক্ষ ৯০ হাজার ৬০০ টাকা প্রদান করা হয়েছে।

দলিত ও অনগ্রসর জনগোষ্ঠির জীবনমান উন্নয়নে প্রশিক্ষণ ঃ ২০১৯-২০২০অর্থ বছরে ৫০ জন দলিত ও অনগ্রসর জনগোষ্ঠিকে ৭ দিন ব্যাপী বিভিন্ন টেড্রে রিফ্রেসার্স প্রশিক্ষণ প্রদান করা হয় এবং প্রশিক্ষণ ভাতা ও পুনর্বাসনসহ ৫০ জনের মধ্যে ২ লক্ষ ৭ হাজার টাকা প্রদান করা হয়।

## দারিদ্র্য বিমোচন কার্যক্রম ঃ

আর এস এস: এ কার্যক্রম ১৯৭৪ সালে জাতির জনক বঙ্গবন্ধু প্রবির্তত পল্লী সমাজসেবা (আরএসএস) কার্যক্রমের আওতায় ১৮ হাজার ২ শত ৩২ জন উপকারভোগীর মধ্যে ৬,১৪,৯০,৮১৫ টাকা বিনিয়োগ এবং ২০,৪৯১ জন উপকারভোগীর মধ্যে ১৪,২৭,৬২,৮৩৮ টাকা পুনঃবিনিয়োগ করা হয়।

আর এম সি: এ কার্যক্রম ১৯৭৫ সালে জাতির জনক বঙ্গবন্ধু প্রবির্তত পল্লী মাতৃকেন্দ্র (আরএমসি) কার্যক্রমের আওতায় ২ হাজার ৬ শত ৩৫ জন উপকারভোগীর মধ্যে ৯৩,৫৫,৩০০ টাকা বিনিয়োগ এবং ৬,৫০৬ জন উপকারভোগীর মধ্যে ২,৬৩,৮৬,৯৩০ টাকা পুনঃবিনিয়োগ করা হয়।

দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম ঃ এ কার্যক্রমের আওতায় ৯ শত ৬১ জন উপকারভোগীর মধ্যে ৯৪ লক্ষ ৭০ হাজার ৫০০ টাকা বিনিয়োগ এবং ৯ শত ১৪ জন উপকারভোগীর মধ্যে ১,৩৭,২৩,৭০০ টাকা পুনঃবিনিয়োগ করা হয়।

আবাসন ও আশ্রয়ন ঃ এ কার্যক্রমের আওতায় ১ শত ৪৩ জন উপকারভোগীর মধ্যে ৭ লক্ষ ১০ হাজার টাকা বিনিয়োগ এবং ১ শত ২৭ জন উপকারভোগীর মধ্যে ১৩,২২,০০০ টাকা পুনঃবিনিয়োগ করা হয়।

## পেশাগত দক্ষতা উন্নয়ন ও প্রশিক্ষণ :

শহর সমাজসেবা কার্যালয়, ঠাকুরগাঁও এর সমন্বয় পরিষদের মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়। কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন ট্রেডে এ পর্যন্ত ২৩৮৫ জন, ড্রেস মেকিং এন্ড টেইলারিং ট্রেডে ২৫৫ জন এবং ব্লক ও বাটিক ট্রেডে ৬০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রতিবছর কম্পিউটার ট্রেডে ৩০০ জন, ড্রেস মেকিং এন্ড টেইলারিং ট্রেডে ৬০ জন এবং ব্লক ও বাটিক ট্রেডে ৮০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## শিশু সুরক্ষা বিষয়ক কার্যক্রম:

সরকারি শিশু পরিবার: শিশু পরিবার ২টি, আসন সংখ্যা ৯০টি করে ১৮০টি, ভর্তিকৃত এতিম নিবাসির সংখ্যা ১৬১ জন।

সমন্বিত দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম:

আসন সংখ্যা ১০ জন। বর্তমান নিবাসির সংখ্যা ০৮ জন।

এতিম শিশুদের জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট: ৮৬টি নিবন্ধীত ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানার অনুকূলে ২২৬৩ জন এতিম শিশুর ভরণপোষণের জন্য ক্যাপিটেশন গ্র্যান্ট প্রদান করা হচ্ছে।

## সামাজিক অবক্ষয় নিবারণ কার্যক্রম:

২০২১-২০২২ অর্থ বছরে অদ্যবধি জেলা কারাগারে অবস্থানরত কারাবন্দিদের চিত্ত বিনোদনের জন্য ৭৮ হাজার টাকার উপকরণ প্রদান করা হয়েছে। লঘু অপরাধে দন্ডিত আসামীদের বিভিন্ন মেয়াদে প্রবেশনে প্রদান করা হয়েছে ৯৮ জনকে। ০৪ জন শিশুকে লঘু অপরাধে ডাইভারশনে প্রবেশন অফিসারের তত্ত্বাবধানে রেখে সংশোধনের সুযোগ দেওয়া হয়েছে।

## অন্যান্য সেবা ও কল্যাণমূলক কার্যক্রম :

ভিক্ষুক পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচি : এই কার্যক্রমটি ২০১৭-১৮ অর্থ বছর হতে শুরু হয়েছে। জেলায় মোট ভিক্ষুকের সংখ্যা ৩৬৯২ জন। গরু, ছাগল, রিক্সা/ভ্যান, দোকান, ক্ষুদ্র ব্যবসার মাধ্যমে পুনর্বাসিত ভিক্ষুকের সংখ্যা ৪৭ জন এবং বিভিন্ন ভাতা কার্যক্রমের মাধ্যমে ৬৯৩ জনকে পুনর্বাসিত করা হয়েছে। এ খাতে ৯ লক্ষ ৫০ হাজার টাকা বিতরণ করা হয়েছে এবং পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান চলমান।

হাসপাতাল সমাজসেবা কার্যক্রম : ২০২১-২০২২ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দের পরিমাণ (উপজেলা রোগী কল্যাণ সমিতিসহ) ১১,৫০,০০০/- টাকা। উপকৃত রোগীর সংখ্যা ৯ হাজার ৬ শত ২৯ জন।

স্বেচ্ছাসেবী সমাজকল্যাণ মূলক কার্যক্রম: জেলায় নিবন্ধিত বেসরকারি এতিমখানা ও স্বেচ্ছাসেবী সংস্থার সংখ্যা ৬৫৫ টি। ২০২১-২০২২ অর্থ বছরে অনুদান প্রাপ্ত সংগঠনের সংখ্যা ৬৭টি।

বৃদ্ধাশ্রম: সরকারি শিশু পরিবার (বালিকা) এবং শবদলহাট ফজিলাতুননেছা সরকারি শিশু পরিবার (বালক) ঠাকুরগাঁও এ ২টি প্রতিষ্ঠানের বৃদ্ধা ও বৃদ্ধ ব্যক্তিদের জন্য ১০ (দশ) টি করে আসন সংরক্ষিত রয়েছে।

প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প: প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতাভুক্ত ১০টি পেশা যথা- ১. কামার, ২. কুমার, ৩. নাপিত, ৪. বাঁশ ও বেতপণ্য প্রস্তুতকারক, ৫. কাঁসা/পিতলপণ্য প্রস্তুতকারক, ৬. জুতা মেরামত/ প্রস্তুতকারী, ৭.লোকজযন্ত্র প্রস্তুতকারী (একতারা, দোতারা, বাঁশি, মন্দিরা) /লোকজ শিল্পী (বাউল,গম্ভীরা, কীর্তন, ঢপ, ভাষাণ/জারি), ৮. নকশী কাথাঁ শিল্প, ৯. শীতল পাটি, ১০. শতরঞ্জি। অনলাইন জরিপ অনুযায়ী ঠাকুরগাঁও জেলায় এই জনগোষ্ঠীর আওতাভুক্ত পেশাজীবীর সংখ্যা ৩২০৮ জন।

প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচি: দেশব্যাপী 'প্রতিবন্ধী জরিপের অংশ নিন, দিন বদলের সুযোগ দিন' এ শ্লোগান সামনে রেখে শনাক্তকরণ জরিপ সম্পন্ন হয়েছে। কার্যক্রমটি অনলাইনে নিবন্ধন চলমান। এ জেলায় ডাক্তার কর্তৃক শনাক্তকৃত প্রতিবন্ধীর সংখ্যা ৩১ হাজার ৪ শত ২৪ জন। প্রস্তুতকৃত 'সুবর্ণ নাগরিক' কার্ড সংশ্লিষ্ট অফিস থেকে বিতরণ অব্যাহত রয়েছে।

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে G2P ভাতা প্রদান কার্যক্রম: চলতি অর্থবছরে সমগ্র ঠাকুরগাঁও জেলা বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাও মুজিব বর্ষের অঙ্গীকার অনুযায়ী প্রতিবন্ধী ভাতা শতভাগ ভাতার আওতায় এসেছে। ভাতাভোগীদের মোবাইল ব্যাংকিং সিস্টেম বিকাশের মাধ্যমে ভাতা প্রদান করা হচ্ছে। বিভিন্ন ক্যাটাগরীর মোট ভাতাভোগীর সংখ্যা ১,৩২,৭৮৩ জন।

## সমাজসেবা অধিদফতর এর ই-সেবা:

| | |
|---|---|
| প্রতিবন্ধি ব্যক্তির তথ্য ভান্ডার- | dis.gov.bd |
| ভাতা কার্যক্রমের তথ্য ভান্ডার- | bhata.gov.bd |
| ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া রোগীর আর্থিক সহায়তা অনলাইন আবেদন- | welfare.gov.bd |
| শিশু নির্যাতন ও অধিকার নিশ্চিতকরণ- | Child Helpline 1098 |
| ইলেট্রনিক অফিস ব্যবস্থপনা- | nothi.gov.bd |
| প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্প- | prantikdss.gov.bd |
| গণশুনানী ও শিশুদের সাথে অভিভাবকদের যোগাযোগ- | Video Conference |

Scanned with CamScanner